

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
শিক্ষা মন্ত্রণালয়  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ  
শৃঙ্খলা বিষয়ক শাখা  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা  
[www.shed.gov.bd](http://www.shed.gov.bd)

স্মারক নং-৩৭.০০.০০০০.০৯৫.২৭.১০.২০২৪. ০২৫


তারিখ: ০৬ জানুয়ারি ১৪৩০ বঙ্গাব্দ  
০৬ ফাল্গুন ২০২৪ খ্রিষ্টাব্দ

**অভিযোগনামা**

যেহেতু, আপনি জনাব মো: আবদুস সালাম (২২৩৮৮) (সাময়িক বরখাস্তকৃত), সহকারী অধ্যাপক (অর্থনীতি), চট্টগ্রাম সরকারি মহিলা কলেজ, চট্টগ্রাম গত ২০/১২/২০২৩ তারিখ চট্টগ্রাম জেলার পাঁচলাইশ থানাধীন বাংলাদেশ মহিলা সমিতি (বাওয়া) উচ্চ বিদ্যালয়ে দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন উপলক্ষ্যে ভোটগ্রহণ কর্মকর্তাদের প্রশিক্ষণ অনুষ্ঠানে বিভাগীয় কমিশনার, চট্টগ্রাম ও রিটানিং অফিসারের বক্তব্য প্রদানকালে নির্বাচনী দায়িত্বপালনের ব্যাপারে আপত্তি জানান এবং অবান্তর কথা-বার্তা বলে রিটানিং অফিসার তথা বিভাগীয় কমিশনার, চট্টগ্রাম এর সাথে বাক-বিতন্ডায় লিপ্ত হন এবং উক্ত অনুষ্ঠানে চট্টগ্রাম মেট্রোপলিটন পুলিশ কমিশনারের প্রতিনিধির বক্তব্য প্রদানকালে অপ্ৰাসঙ্গিক ও অযাচিত মন্তব্য করেন; যা নির্বাচন কর্মকর্তা (বিশেষ বিধান) আইন, ১৯৯১ অনুযায়ী অসদাচরণ এবং শাস্তিযোগ্য অপরাধ;

যেহেতু, আপনার উক্তরূপ কার্যকলাপ সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) বিধি অনুযায়ী “অসদাচরণ” এর পর্যায়ভুক্ত শাস্তিযোগ্য অপরাধ;

সেহেতু, উপর্যুক্ত অপরাধে আপনাকে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) বিধি মোতাবেক “অসদাচরণ” এর অভিযোগে অভিযুক্ত করা হলো। একই বিধিমালার ৪(৩)(ঘ) বিধি অনুযায়ী কেন আপনার উপর “চাকরি হতে বরখাস্তকরণ” গুরুদন্ড আরোপ করা হবে না অথবা অন্য কোন উপযুক্ত দন্ড প্রদান করা হবে না তা উক্ত বিধিমালার ৭(১)(খ) বিধি অনুযায়ী এ অভিযোগনামা প্রাপ্তির ১০ (দশ) কার্যদিবসের মধ্যে লিখিতভাবে জানানোর জন্য বলা হলো। আত্মপক্ষ সমর্থনে আপনি ব্যক্তিগত শুনানিতে অংশগ্রহণের ইচ্ছা পোষণ করেন কিনা তাও নির্ধারিত সময়ের মধ্যে লিখিতভাবে জানানোর জন্য নির্দেশ প্রদান করা হলো। যে অভিযোগ বিবরণীর উপর ভিত্তি করে এ অভিযোগনামা প্রণীত হয়েছে তা এ সাথে সংযুক্ত করা হলো।

  
০৬/০৬/২৪  
(সোলেমান খান)  
সচিব

সংযুক্তি: অভিযোগবিবরণী।

**বর্তমান কর্মস্থল:**

জনাব মো: আবদুস সালাম (২২৩৮৮) (সাময়িক বরখাস্তকৃত)  
সহকারী অধ্যাপক (অর্থনীতি), চট্টগ্রাম সরকারি মহিলা কলেজ, চট্টগ্রাম।

**স্থায়ী কর্মস্থল:**

জনাব মো: আবদুস সালাম  
পিতার নাম: হাজী ইমাম শরীফ  
গ্রাম: দরগাহবিল (পূর্ব), ডাকঘর: উখিয়া  
উপজেলা: উখিয়া, জেলা: কক্সবাজার।

**অনুলিপি:**


- ১। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
- ২। সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।



## অভিযোগবিবরণী

জনাব মো: আবদুস সালাম (২২৩৮৮) (সাময়িক বরখাস্তকৃত), সহকারী অধ্যাপক (অর্থনীতি), চট্টগ্রাম সরকারি মহিলা কলেজ, চট্টগ্রাম গত ২০/১২/২০২৩ তারিখ চট্টগ্রাম জেলার পাঁচলাইশ থানাধীন বাংলাদেশ মহিলা সমিতি (বাওয়া) উচ্চ বিদ্যালয়ে দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন উপলক্ষ্যে ভোটগ্রহণ কর্মকর্তাদের প্রশিক্ষণ অনুষ্ঠানে বিভাগীয় কমিশনার, চট্টগ্রাম ও রিটানিং অফিসারের বক্তব্য প্রদানকালে নির্বাচনী দায়িত্বপালনের ব্যাপারে আপত্তি জানান এবং অবান্তর কথা-বার্তা বলে রিটানিং অফিসার তথা বিভাগীয় কমিশনার, চট্টগ্রাম এর সাথে বাক-বিতণ্ডায় লিপ্ত হন এবং উক্ত অনুষ্ঠানে চট্টগ্রাম মেট্রোপলিটন পুলিশ কমিশনারের প্রতিনিধির বক্তব্য প্রদানকালে অপ্ৰাসঞ্জিক ও অযাচিত মন্তব্য করেন; যা নির্বাচন কর্মকর্তা (বিশেষ বিধান) আইন, ১৯৯১ অনুযায়ী অসদাচরণ এবং শাস্তিযোগ্য অপরাধ মর্মে বাংলাদেশ নির্বাচন কমিশন হতে শৃঙ্খলামূলক ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হয়।

জনাব মো: আবদুস সালাম (২২৩৮৮) (সাময়িক বরখাস্তকৃত), সহকারী অধ্যাপক (অর্থনীতি), চট্টগ্রাম সরকারি মহিলা কলেজ, চট্টগ্রাম এর উক্তরূপ কার্যকলাপ সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) বিধি মোতাবেক “অসদাচরণ” এর পর্যায়ভুক্ত শাস্তিযোগ্য অপরাধ।

  
০৩) ০৩) ২৪  
(সোলেমান খান)  
সচিব